# বাংলাদেশ স্কাউটস ইনবক্স

## ডিজিটাল আপডেট

আগস্ট-২০১৬





## প্রচ্ছদ প্রতিবেদন



১



৩





৪



# বিনম্র শ্রদ্ধায় জাতীয় শোক দিবস পালন



বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিনম্র শ্রদ্ধায় যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় শোক দিবস' পালন করে বাংলাদেশ স্কাউটস। 'জাতীয় শোক দিবস' এর কর্মসূচি হিসেবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাৎ বার্ষিকীতে সকাল ৯.০০ টায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনারবৃন্দের নেতৃত্বে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণ করা হয়। পুষ্পাঞ্জলী অর্পণের সময় বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার, নির্বাহী পরিচালক, জাতীয় সদর দফতরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, ঢাকা জেলা রোভার, ঢাকা জেলা রেলওয়ে, ঢাকা জেলা নৌ, ঢাকা জেলা এয়ার ও ঢাকা মেট্রোপলিটন এর স্কাউট, রোভার স্কাউট ও লিডারবৃন্দ অংশগ্রহণ করেন। দুপুর ২.৩০ মিনিটে শামস হল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্ব-রচিত কবিতা আবৃতি ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা আয়োজন করা হয়। বিকেল ৫.৩০ মিনিটে শামস হলে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও দোয়া মাহফিল। আলোচনা সভা ও দোয়া মাহফিলে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডঃ মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুস সালাম খান, কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কর্মময় জীবন সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব মোঃ আফজাল হোসেন, সদস্য, জাতীয় নির্বাহী কমিটি, জনাব শফিক আলম মেহেদী, জাতীয় কমিশনার (আন্তর্জাতিক), জনাব সরোয়ার মোহাম্মদ






**আরো দেখুন**
Scouts.gov.bd
www.fb.com/bdscouts
www.youtube.com/bangladeshscouts

## নতুন ইভেন্টস

**ইমেজ ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ক ওয়ার্কশপ**
০২ সেপ্টেম্বর ২০১৬
শামস হল, জাতীয় সদর দফতর

**বাংলাদেশ, ভারত, নেপাল, ভূটান স্কাউট পিস ক্যাম্প**
৫-৮ জানুয়ারি ২০১৬
পাটগ্রাম, লালমনিরহাট

**জাতীয় পর্যায়ে শাপলা, পিএস প্রার্থীদের লিখিত মূল্যায়ন**
সেপ্টেম্বর-অক্টোবর ১৬, দেশব্যাপী

**একাদশ জাতীয় রোভার মুট**
জানুয়ারি ২০১৭

**বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের ট্যালেন্ট সার্চ**
২৪ সেপ্টেম্বর ২০১৬
শামস হল, জাতীয় সদর দফতর

**আঞ্চলিক কনভেনশন**
রাজশাহী

**বেসিক আইসিটি কোর্স**
০১-০৫ অক্টোবর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

**সম্পাদক কোর্স**
১৬-১৮ অক্টোবর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর



শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) ও কাজী নাজমুল হক, জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) । কবিতা আবৃতি করেন জনাব মোঃ মহসিন, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ)। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস। অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর সিনিয়র নেতৃবৃন্দ, কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটসহ আমন্ত্রিত অতিথিবর্গ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল সদস্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং দেশের সুখ ও সমৃদ্ধির জন্য দোয়া করা হয়। দোয়া ও মিলাদ পরিচালনা করেন মাওলানা মোঃ ফয়জুল্লাহ।

















### কমিশনার কোর্স

১৬-১৮ অক্টোবর ২০১৬

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### ৩৫তম সহকারী লিডার ট্রেনার কোর্স

০৪-১০ নভেম্বর ২০১৬

জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### বৃক্ষরোপন কর্মসূচি

আগষ্ট ২০১৬

দেশব্যাপী

### হজ্ব ক্যাম্পে রোভার স্কাউটদের সেবাদান

৩১ জুলাই -০৭ সেপ্টেম্বর ২০১৬

হজ্ব ক্যাম্প আশকোনা, ঢাকা ।

### সিডি অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠান

সেপ্টেম্বর ২০১৬

শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।

### ৫৯তম জাম্বুরী অন দ্যা এয়ার ও ২০ তম জাম্বুরী অন দ্যা ইন্টারনেট

১৫-১৬ অক্টোবর ২০১৬

সকল জেলা

### ৪৫তম জাতীয় কাউন্সিল সভা

১৮ অক্টোবর ২০১৬

ওসমানী মিলনায়তন, ঢাকা

### ডেস্কটপ পাব্লিশিং বিষয়ক ওয়ার্কশপ

অক্টোবর ২০১৬

শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।



# বন্যার্তদের মাঝে স্কাউটদের ত্রাণ বিতরণ

লালমনিরহাট জেলায় ধরলা নদীর তীরে মোঘলহাট ইউনিয়নে ০৫ আগষ্ট ১৬ তারিখ ক্রিষ্টাল ওপেন স্কাউট গ্রুপের উদ্যোগে চরফলিমারী, চরনগদটারী ও চর ওসমানের ১৫০টি পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। এসময় প্রতিটি পরিবারকে পনের কেজি চাল, এক কেজি ডাল, তিন কেজি আলু , খাবার স্যালাইন ও ঔষদপত্র বিতরণ করা হয়। বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) জনাব শাফায়েতুল ইসলাম ত্রাণ বিতরণ কাজে নেতৃত্ব প্রদান করেন। উল্লেখ যে, দুর্গম এই চরে ক্রিষ্টাল ওপেন স্কাউট গ্রুপের উদ্যোগে ইতোপূর্বে একটি প্রাথমিক বিদ্যালয় ও মসজিদ স্থাপন করা হয়েছে। চরের অধিবাসীদের দারিদ্রতা দূর করার জন্য প্রতিটি পরিবারের মাঝে দুটি করে ছাগল প্রদান করা হয়। একই সাথে ক্রিষ্টালের উদ্যোগে উক্ত চরসমূহে প্রতিবছর বৃক্ষরোপন, হেলথ ক্যাম্প আয়োজন ও কুরবানী ঈদে মাংস বিতরণ কর্মসূচি নিয়মিতভাবে বাস্তবায়ন করা হয়।

জামালপুর জেলার ইসলামপুর ও মাদারগঞ্জ উপজেলায় বন্যার্তদের মাঝে ৩১ জুলাই ও ০১ আগষ্ট ২০১৬ তারিখ ত্রাণ ও খাদ্য বিতরণ করে জামালপুর জেলার স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ। বন্যার্তদের মাঝে খাবার বিতরণের জন্য স্কাউট, রোভার স্কাউট ও লিডারগণ নিজহাতে রুটি তৈরী করে বন্যার্তদের মাঝে বিতরণ করেন। স্কাউটদের রুটি তৈরীর কার্যক্রম পরিদর্শন জেলা প্রশাসক, জামালপুর। স্কাউটদের ত্রাণ বিতরণ কার্যক্রমে সহায়তা করেন জামালপুর জেলা প্রশাসন, উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর প্রেস ক্লাব ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউট ও রোভার স্কাউটগণ।

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলা স্কাউটসের উদ্যোগে ১০ আগষ্ট ১৬ তারিখ বেলকা ইউনিয়নের রামডাকুয়া, জিগাবাড়ি, তারাপুর ইউনিয়নের চর তারাপুর, চর খোর্দ্দা ও লাটশালা চরে বন্যার্তদের মাঝে চিড়া, গুড় ও পানি বিতরণ করা হয়। ত্রাণ বিরণ কার্যক্রম উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জনাব হাবিবুল আলম। ত্রাণ বিতরণকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা স্কাউটসের কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউটগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ স্কাউটস, কুষ্টিয়া জেলার ব্যবস্থাপনা এবং পরিচালনায় গত ১৩ আগস্ট ২০১৬ তারিখে গোয়ালন্দ বাজার রেলওয়ে স্টেশনে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। বন্যার্তদের মাঝে ত্রাণ হিসেবে চাল, ডাল আটা, তৈল, লবণ, পিয়াজ, সেমাই ইত্যাদি খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। ত্রান বিতরণের সময় বাংলাদেশ স্কাউট, কুষ্টিয়া জোনের সহকারী পরিচালক জনাব মোঃ খালেদ মাহমুদ, ফরিদপুর জোনের সহকারী পরিচালক জনাব হামজার রহমান, কুষ্টিয়া জেলা স্কাউটস এর কর্মকর্তাগণ, গোয়ালন্দ উপজেলা স্কাউটস এর কমিশনার, সম্পাদক, উপজেলা স্কাউট লিডার উপস্থিত ছিলেন।













### ট্রেনার্স অ্যাডভান্সমেন্ট কোর্স
২০-২৩ অক্টোবর ২০১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### জেলা/ উপজেলা কাব স্কাউট লিডার কোর্স
২৬-২৮ অক্টোবর ২০১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### জেলা/ উপজেলা স্কাউট লিডার কোর্স
২৬-২৮ অক্টোবর ২০১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### কাব স্কাউট লিডার অ্যাডভান্স কোর্স
১৮-২৩ নভেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### কাব স্কাউট লিডার স্কিল কোর্স
২৪-২৭ নভেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### ফটোগ্রাফী বিষয়ক কর্মশালা
নভেম্বর ১৬
শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।

### ৫ম জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি ক্যাম্প
ডিসেম্বর ১৬
সকল জেলা ও উপজেলা

### আর্থিক ব্যবস্থাপনা কোর্স
৮-১১ জানুয়ারি ২০১৭
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর

### ভিডিও ধারণ ও এডিটিং বিষযক প্রশিক্ষণ কোর্স
জানুয়ারি ১৭
শামস হল, জাতীয় সদর দফতর, ঢাকা।



## চীন রাষ্ট্রদূত এর জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন





বাংলাদেশে নিযুক্ত চীনের মহামান্য রাষ্ট্রদূত জনাব মা মিংকিয়াং ১৩ আগস্ট, ২০১৬ তারিখে বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর পরিদর্শন করেন। রাষ্ট্রদূত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে পৌছালে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ডঃ মোঃ মোজাম্মেল হক খান ফুল দিয়ে স্বাগত জানান। রাষ্টদূতের সফর সঙ্গী হিসেবে কমার্শিয়াল কাউন্সিলর জনাব লি গুয়ান জান, পিএস টু অ্যাম্বাসেডর জনাব ঝাং জিয়ান ও থার্ড সেক্রেটারী জনাব লি ডংচাও এ সময় উপস্থিত ছিলেন।

জনাব মা মিংকিয়াং মৌচাকে অনুষ্ঠিত স্কাউট ইউনিট লিডার প্রশিক্ষণ কোর্স পরিদর্শন করেন। এ সময় বাংলাদেশ স্কাউটস ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন জনাব আহমেদ কাজী আসিফুল হক, পরিচালক (প্রশিক্ষণ)। রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)। কোর্সে প্রশিক্ষণার্থী ও উপস্থিত কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন রাষ্ট্রদূত জনাব মা মিংকিয়াং এবং বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ডঃ মোঃ মোজাম্মেল হক খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাংলাদেশ স্কাউটসের গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটির সভাপতি প্রফেসর নাজমা শামস। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীগণ ছাড়াও বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার, গাজীপুর জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের কর্মকর্তা, কোর্স ষ্টাফ, বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

এরপর রাষ্টদূত বাংলাদেশ স্কাউটস এর যাদুঘর পরিদর্শন করেন ও পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন। যাদুঘর পরিদর্শন শেষে রাষ্টদূত মৌচাক স্কাউট স্কুল পরিদর্শনে যান। স্কুলে অতিথিদের স্বাগত জানান স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি, প্রধান শিক্ষক, শিক্ষকগণ এবং ছাত্র/ছাত্রীরা। অতিথিবৃন্দ স্কুল পরিদর্শন ও ছাত্র-ছাত্রীদের পরিবেশিত নৃত্য উপভোগ করেন।

রাষ্ট্রদূতকে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক এর লে-আউট প্লান সম্পর্কে বিস্তারিত অবহিত করেন, জনাব মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া, জাতীয় কমিশনার (উন্নয়ন)। জনাব মা মিংকিয়াং চায়না সরকারের অর্থায়নে মৌচাকে একটি ভোকেশনাল প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের সম্ভব্যতা নিয়ে আলোচনা করেন এবং দুই পক্ষের আলোচনার ভিত্তিতে পরবর্তীতে এ ব্যাপারে সিদ্ধান্ত হবে মর্মে মত ব্যক্ত করা হয়।





**চায়না জাপান কোরিয়া বাংলাদেশ যৌথ সমাজ উন্নয়ন ক্যাম্প**
ফেব্রুয়ারি ১৭
জাজিরা, শরিয়তপুর

**আর্থ আওয়ার উদযাপন**
মার্চ ২০১৭
সকল জেলা ও উপজেলা

**দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক টিওটি কোর্স**
০২-০৬ সেপ্টেম্বর ১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর
ব্যবস্থাপনায়ঃ সমাজ উন্নয়ন বিভাগ, জাতীয় সদর দফতর

**দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স**
২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট
ব্যবস্থাপনায়ঃ সিলেট জেলা রোভার

**দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স**
২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ
ব্যবস্থাপনায়ঃ মানিকগঞ্জ জেলা রোভার

**দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স**
২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ
ব্যবস্থাপনায়ঃ ময়মনসিংহ জেলা রোভার

**দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স**
২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট
ব্যবস্থাপনায়ঃ মৌলভীবাজার জেলা রোভার

## বাংলাদেশ স্কাউটস ও ইউএনডিপি, বাংলাদেশ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত






দুর্যোগকালীন দ্রুত সাড়াদান ও উদ্ধারকাজে সহায়তায় লক্ষ্যে স্কাউট ও স্কাউটারদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জাতিসংঘ উন্নয়ন তহবিল (ইউএনডিপি), বাংলাদেশ এর ইআরএফ প্রকল্পের আওতায় বাংলাদেশ স্কাউটস ও জাতিসংঘ উন্নয়ন তহবিল (ইউএনডিপি), বাংলাদেশ এর মধ্যে ৯ আগস্ট ২০১৬ তারিখে বাংলাদেশ সচিবালয়ে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর কক্ষে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ স্কাউটস এর পক্ষে জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) এবং জাতিসংঘ উন্নয়ন তহবিল (ইউএনডিপি), বাংলাদেশ এর পক্ষে Ms. Pauline Tamesis, Country Director সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহ কামাল, জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। এছাড়াও অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্ম সচিব জনাব মোঃ মোহসীন, জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন), জাতিসংঘ উন্নয়ন তহবিল (ইউএনডিপি) ও বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারক অনুসারে স্কাউট ও স্কাউটারদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইউএনডিপি এর অর্থায়নে একটি প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স সহ ২২টি জেলায় দুযোর্গ ব্যবস্থাপনায় বিষয়ে ২২টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে।

## হজ্জ ক্যাম্পে রোভার স্কাউটদের সেবাদান

রোভার স্কাউটদের মূলমন্ত্র হচ্ছে 'সেবা'। সেবার মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে রোভার স্কাউটরা সকল সেবামূলক কাজে অংশগ্রহণ করে থাকে। ১৯৭৭ সালে প্রথমবারের মত হজ্জ ক্যাম্পে রোভার স্কাউটদের সেবাদান কার্যক্রম শুরু হয়। সেই থেকে পর্যায়ক্রমে আজ ২০১৬ সাল এসে তা ৪০ বছরে পা রাখছে। যা একটি যুগান্তকারী ঘটনা। বর্তমানে স্থায়ী হজ্জ ক্যাম্পে রোভার স্কাউটরা প্রতি বছর প্রায় ৩৮-৪০দিন ব্যাপী হজ্জ যাত্রীগণকে সেবা দিয়ে আসছে। প্রতিদিন ৬ঘন্টা করে ৪টি শিফটে প্রায় ১০০জন রোভার স্কাউট ও কর্মকর্তা হজ্জ ক্যাম্পে সেবাদান কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে।

০২ আগস্ট ২০১৬ তারিখ, সন্ধ্যা ৭.০০ টায় ঢাকার আশকোনাস্থ হজ্জ ক্যাম্পে সম্মানিত হজ্জ যাত্রীদের জন্য রোভার স্কাউটদের সেবাদান কার্যক্রমের উদ্বোধন করেন অধ্যক্ষ মতিউর রহমান, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ।



### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়া
ব্যবস্থাপনায়ঃ গাইবান্ধা জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২২-২৬ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লালমাই, কুমিল্লা
ব্যবস্থাপনায়ঃ ফেনী জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২৫-২৯ সেপ্টেম্বর, ২০১৬
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, পুলেরহাট, যশোর
ব্যবস্থাপনায়ঃ মাগুরা জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২৯ সেপ্টেম্বর-০৩ অক্টোবর ২০১৬
রোভার অ্যাডভেঞ্চার প্রশিক্ষণ কেন্দ্র, বোয়ালখালী
ব্যবস্থাপনায়ঃ চট্রগ্রাম জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২৯ সেপ্টেম্বর-০৩ অক্টোবর ২০১৬
রোভার অ্যাডভেঞ্চার প্রশিক্ষণ কেন্দ্র, বোয়ালখালী
ব্যবস্থাপনায়ঃ চট্রগ্রাম জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

০৬-১০ অক্টোবর ২০১৬
রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুর
ব্যবস্থাপনায়ঃ মুন্সীগঞ্জ জেলা রোভার

### দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

২০-২৪ অক্টোবর ২০১৬
জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর
ব্যবস্থাপনায়ঃ মুন্সীগঞ্জ জেলা রোভার



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মোঃ আবদুল জলিল, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জনাব মোঃ মহসিন, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস, ডঃ আবু সালেহ মোস্তফা কামাল, পরিচালক, হজ্জ ক্যাম্প । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জনাব মোঃ মোহসীন, জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন) বাংলাদেশ স্কাউটস এবং স্বাগত বক্তব্য প্রদান করেন, জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস ।

অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যক্ষ মতিউর রহমান বলেন, হজ্জ যাত্রীদের সেবা প্রদান করা একটি মহান কাজ । রোভার স্কাউটদের সেবার জন্য জাতি তাদের নিকট ঋনী । টাকার বিনিময় সেবা হয় না । সেবা টাকা দিয়ে বিচার করা যায়না । দীর্ঘদিন যারা সেবা দিয়ে আসছে তাদের ধন্যবাদ জানাই । রোভার স্কাউটরা সুনামের সাথে যে সেবা প্রদান করে আসছে তার জন্য নিজস্ব তহবিল থেকে এক লক্ষ টাকা প্রদানের ঘোষণা দেন ।

বাংলাদেশ স্কাউটসের সভাপতি জনাব আবুল কালাম আজাদ বলেন, রোভার স্কাউটদের মূলমন্ত্র 'সেবা' । মানুষের ঘর করে দেয়া সেবা, অসহায়দের রাস্তা পার করে দেয়া সেবা । তবে পবিত্র হজ্জ পালন এর উদ্দেশ্যে যাত্রাকারী সেবা সর্বোৎকৃষ্ট সেবা বলে আমি মনে করি । তিনি রোভার স্কাউট হিসেবে ১৯৭৭ হজ্জ ক্যাম্পে সেবাদানের স্মৃতিচারণ করে বলেন মাননীয় মন্ত্রী মহোদয় স্কাউট দরদী । তিনি বর্তমানে তোমাদের টাকা দিচ্ছেন এবং হজ্জ পালনের সুযোগ করে দিয়েছেন । হাজী সাহেবরা যেন তোমাদের আচরণে কোন প্রকার কষ্ট না পায় এই দিকে খেয়াল রাখার আহবান জানান ও ধর্ম মন্ত্রণালয়ের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

হজ্জ ক্যাম্পে রোভার স্কাউটদের এ সেবাদান কার্যক্রম আগামী ০৬ সেপ্টেম্বর ১৬ পর্যন্ত অব্যাহত থাকবে । ২৫ আগষ্ট ১৬ তারিখ রোভার স্কাউটদের এ সেবাদান কার্যক্রম পরিদর্শন করেন, বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ডঃ মোঃ মোজাম্মেল হক খান । তিনি এ সময় সেবাদান কার্যক্রম পরিদর্শন ও রোভার স্কাউটদের সাথে মতবিনিময় করেন ।

















## আন্তর্জাতিক ইভেন্টস

এপিআর ফোরাম অন রিস্ক ম্যানেজমেন্ট
৫-৮ সেপ্টেম্বর ২০১৬
কুয়ালামপুর, মালয়েশিয়া

**প্রথম সিঙ্গাপুর রোভার মুট**
১৭-২১ ডিসেম্বর ২০১৬
সিঙ্গাপুর

**দশম গেরাকান প্রমুখা ন্যাশনাল স্কাউট জাম্বুরী**
১৪-২১ আগস্ট ২০১৬
ইন্দোনেশিয়া

**এপিআর ওয়ার্কশপ অন ডিজাস্টার রেসপন্স ম্যানেজমেন্ট**
৫-৯ অক্টোবর ১৬
জাপান

**এপিআর ওয়ার্কশপ অন এনভারমেন্ট এডুকেশন**
১৯-২৩ সেপ্টেম্বর ১৬
থাইল্যান্ড

**ওয়ার্ল্ড স্কাউট সেমিনার অন ম্যাসেঞ্জার অব পিস**
১২-১৬ অক্টোবর ২০১৬
বুদাপেষ্ট, হাঙ্গেরী

**২১তম নিউজিল্যান্ড জাম্বুরী**
২৯ ডিসেম্বর ১৬- ০৭ জানুয়ারি ১৭
নিউজিল্যান্ড

**৫৯তম জাম্বুরী অন দ্যা এয়ার ও ২০ তম জাম্বুরী অন দ্যা ইন্টারনেট**
১৫-১৬ অক্টোবর ২০১৬
বিশ্বব্যাপী সকল দেশে

**ইন্টারন্যাশনাল ডে অব পিস**
২১ সেপ্টেম্বর ১৬
বিশ্বব্যাপী সকল দেশে

**১৪তম কোরিয়া ন্যাশনাল জাম্বুরী**
৩-৯ আগস্ট ১৬
কোরিয়া



## জাতীয় সাংগঠনিক ওয়ার্কশপ




বাংলাদেশ স্কাউটস এর সংগঠন উদ্যোগে ২৪ আগষ্ট ১৬ তারিখ দিনব্যাপী জাতীয় সদর দফতরের শামস হলে কাব অঞ্চল গঠন বিষয়ে জাতীয় সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ উদ্বোধন করেন, ডঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার (সংগঠন) বাংলাদেশ স্কাউটস। উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, জনাব রেজাউল করিম, জাতীয় উপ কমিশনার ( সংগঠন), জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) বাংলাদেশ স্কাউটস। ওয়ার্কশপে দেশের সকল অঞ্চল থেকে আঞ্চলিক কর্মকর্তা, প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনার ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন অঞ্চলে নিয়মিত প্যাক, ট্রুপ ও ক্রু মিটিং বাস্তবায়নকারী ইউনিট লিডারদের জন্য পুরস্কার বিতরণ করা হয়। ওয়ার্কশপে অংশগ্রহণকারীগণের প্রাণবন্ত আলোচনা ও পাঁচটি বিষয়ের উপর গ্রুপ ওয়ার্ক শেষে সুপারিশসমূহ উপস্থাপন করা হয়।



## সাপ্লাই সার্ভিস বিষয়ক ওয়ার্কশপ



বাংলাদেশ স্কাউটস এর স্কাউট শপের উদ্যোগে ২৩ আগস্ট ১৬ তারিখ ঢাকা মেট্রোপলিটনের নিজাম হলে দিনব্যাপী সাপ্লাই সার্ভিস বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ উদ্বোধন করেন, বাংলাদেশ স্কাউটসের কোষাধ্যক্ষ, জনাব মোঃ আব্দুস সালাম খান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার ( সংগঠন) বাংলাদেশ স্কাউটস। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জনাব কাজী নাজমুল হক , জাতীয় কমিশনার ( এক্সটেনশন স্কাউটিং), জনাব রেজাউল করিম, জাতীয় উপ কমিশনার ( সংগঠন), জনাব মোঃ আরিফুজ্জামান, জাতীয় উপ কমিশনার (অ্যাডাল্ট রিসোর্সেস) বাংলাদেশ স্কাউটস। ওয়ার্কশপে দেশের বিভিন্ন অঞ্চল থেকে ৭১ জন স্কাউটার অংশগ্রহণ করে। ওয়ার্কশপে বই, ব্যাজ, স্যুভেনীর ও বিভিন্ন মালামাল প্রাপ্তি, এজেন্ট সংখ্যা বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সুপারিশ গৃহীত হয়।



## স্কাউট সেবা



২৯ আগষ্ট ২০১৬ তারিখ ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক থেকে মল্লিক বাড়ী রাস্তার লিংক রোড পর্যন্ত প্রায় ০৩ কিঃ মিঃ রাস্তা মেরামত করে হালিমুনেছা চৌধুরানী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের স্কাউট ও সাধারণ ছাত্র-ছাত্রীরা ।



ভেড়ামারা উপজেলায় বাহিরচরের মসলেমপুর গ্রামে বন্যার পানি যাতে প্রবেশ না করতে পারে তার জন্য ভেড়ামারার বাহিরচরের কফেজান নেছা ও হাজী নিয়ামত উল্লা মাধ্যমিক বিদ্যালয়ের স্কাউটরা মসলেমপুর গ্রামের সীমানায় ২৯ আগস্ট ১৬ তারিখ জি কে পাম্প হাউসের পাশে বালির বস্তা দিয়ে বাঁধ তৈরী করে । স্কাউটদের অনন্য এই উদ্যোগে অংশগ্রহণ করে স্থানীয় এলাকাবাসী ।



জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়নে কলমিরচর গ্রাম পদ্মা নদীতে বিলীন হয়ে যাচ্ছে। দুর্গতদের সাহায্যার্থে কাজ করছে বাংলাদেশ স্কাউটস, জাজিরা উপজেলার স্কাউট ও রোভার স্কাউট সদস্যরা ।

বাংলাদেশ স্কাউটস ইনবক্স | ডিজিটাল আপডেট
আগস্ট-২০১৬



## বৃক্ষরোপন

পরিবেশের সজীবতা রক্ষা ও জলবায়ুর পরিবর্তন মোকাবেলায় বার্ষিক কর্মসূচি অনুযায়ী স্কাউট ও রোভার স্কাউটগণ নিয়মিতভাবে বৃক্ষরোপন করে আসছে। চলতি দেশের বিভিন্ন স্থানে স্কাউট ও রোভার স্কাউটগণ বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়ন করেছে। ০৯ আগষ্ট ২০১৬ তারিখ চট্রগ্রাম কর্মাস কলেজ রোভার স্কাউট গ্রুপ কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়ন করে। বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন করেন, অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ আইয়ুব ভূঁইয়া । এসময় রোভার স্কাউট লিডারগণ ও রোভার স্কাউরা উপস্থিত ছিলেন।

২১ আগষ্ট ১৬ তারিখ খিলক্ষেত নৌ ইউনিটে বাংলাদেশ স্কাউটস নৌ অঞ্চলের বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন করেন, সহকারী নৌ প্রধান ও কমিশনার, বাংলাদেশ স্কাউটস নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম মুকবুল হোসেন, এনডিইউ, পিএসসি।

১৬ আগষ্ট ২০১৬ তারিখ হোসেন মুক্ত স্কাউট গ্রুপের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়িত হয়। এছাড়াও বাংলাদেশ স্কাউটস খুলনা মেট্রোপলিটনের উদ্যোগে ১৬ আগষ্ট বৃক্ষরোপন উপলক্ষে র‍্যালী আয়োজন, চারা বিতরণ ও বৃক্ষরোপন করা হয়।





## ব্রাহ্মণবাড়ীয়া ৯২তম স্কাউট লিডার বেসিক কোর্স অনুষ্ঠিত




বাংলাদেশ স্কাউটস ব্রাহ্মণবাড়ীয়া জেলার উদ্যোগে কুমিল্লা অঞ্চলের পরিচালনায় ব্রাহ্মণবাড়ীয়া জেলা প্রশাসন ও কর্মকর্তাদের জন্য ১২-১৬ আগস্ট ১৬ তারিখ পর্যন্ত ব্রাহ্মণবাড়ীয়া বিয়াম স্কুলে অনুষ্ঠিত হয় ৯২তম স্কাউট লিডার বেসিক কোর্স। কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব আখতারুজ জামান খান কবির, জাতীয় কমিশনার ( সংগঠন), জনাব মোঃ মহসিন, জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) ও জনাব কাজী নাজমুল হক, জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) বাংলাদেশ স্কাউটস। কোর্সের মহা তাঁবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ডঃ মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। কোর্সে জেলা প্রশাসনের ৩২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। জনাব আনোয়ারুল ইসলাম শিকদার, এলটি উক্ত কোর্সের কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন।

## রোভার মেট কোর্স



বাংলাদেশ স্কাউটস দিনাজপুর রোভারের উদ্যোগে ২৭-৩১ আগষ্ট ১৬ পর্যন্ত কারেন্টহাট কলেজ, চিরিরবন্দর, দিনাজপুরে ২৭-৩১ আগস্ট ১৬ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে ৫ম ও ৬ষ্ঠ দিনাজপুর রোভার মেট কোর্স।

দীক্ষা অনুষ্ঠান





রোভার স্কাউটদের দক্ষতা বৃদ্ধি ও কলেজ শিক্ষার্থীদের রোভারিং এ উদ্বুদ্ধ করার লক্ষ্যে নওগাঁর বদলগাছি বঙ্গবন্ধু সরকারী মহাবিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে ০৩ আগস্ট ১৬ তারিখ কলেজ প্রাঙ্গনে রোভার ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়। ডে ক্যাম্প উদ্বোধন করেন, উপাধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম। ক্যাম্পে গ্রুপের সকল রোভার স্কাউট অংশগ্রহণ করে এবং বিভিন্ন বিষয়ের উপর হাতে কলমে প্রশিক্ষণ লাভ করে। সমাপনী অনুষ্ঠানে বৃক্ষরোপন , সনদ ও ব্যাজ প্রদানের মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি ঘটে।



## সুন্দর হস্তাক্ষর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস এর আর্ট এন্ড ক্র্যাপট বিভাগের উদ্যোগে ২৩ আগষ্ট ১৬ তারিখ দিনব্যাপী জাতীয় সদর দফতরের শামস হলে কাব স্কাউটদের জন্য সুন্দর হস্তাক্ষর লেখা বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালা উদ্বোধন করেন, ডঃ মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। কর্মশালায় ঢাকা, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের ১২০ জন কাব স্কাউট প্রশিক্ষণ গ্রহণ করে।






## সিলেট জেলার ত্রৈবার্ষিক কাউন্সিল সভা

বাংলাদেশ স্কাউটস সিলেট জেলার ত্রৈবার্ষিক কাউন্সিল সভা ২৩ আগস্ট ২০১৬ তারিখ সিলেট আঞ্চলিক স্কাউট কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কাউন্সিল সভায় প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মুবিন আহমেদ জায়গীরদার, আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল। সভায় সভাপতিত্ব করেন, জনাব মোঃ জয়নাল আবেদীন, জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস সিলেট জেলা। সভায় জনাব এমদাদুল হক সিদ্দিকী সম্পাদক পদে পুনর্নির্বাচিত হন। কমিশনার পদে নিয়োগের জন্য জনাব ময়ূব আলী এর নাম সুপারিশ করা হয় এবং সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম সম্পাদক পদে নির্বাচন সম্পন্ন হয়।

## ফেনীতে পিএস মূল্যায়ন ক্যাম্প অনুষ্ঠিত

ফেনী জেলা স্কাউটস ভবনে ০৫ আগস্ট ১৬ তারিখ বাংলাদেশ স্কাউটস কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক পর্যায়ের মূল্যায়ন অনুষ্ঠিত হয়। উক্ত মূল্যায়নে ফেনী জেলা স্কাউটসের ০৭ জন মেয়ে ও ৬৯ জন ছেলে সহ মোট ৭৬ জন স্কাউট অংশগ্রহণ করে। সকাল ১০-০০ টা থেকে দিনব্যাপী এ মূল্যায়নে স্কাউটরা লিখিত পরীক্ষা, সাঁতার ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে। স্কাউটদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এ মূল্যায়ন স্কাউটদের মিলনমেলায় রূপ নেয়।



## রায়পুরে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স

গত ১০ আগস্ট ২০১৬ তারিখ রায়পুর উপজেলা স্কাউটসের আয়োজন ও ব্যবস্থাপনায় রায়পুর বালিকা উচ্চ বিদ্যালয়ে দিনব্যাপী ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে মোট ৪৮ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহণ করেন। কোর্সের কোর্স লিডার ছিলেন জনাব মানিক লাল দেবনাথ লিডার ট্রেনার, বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল। কোর্সের উদ্বোধন ঘোষণা করেন, উপজেলা নির্বাহী অফিসার জনাব শারমিন আলম।

**৮ম জাতীয় কাব ক্যাম্পুরীর ছবির জন্য ক্লিক করুন**

www.flickr.com/photo/8thnationalcubcamporee

Like Us On facebook

www.facebook.com/bdscouts

### নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা ঃ

বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন ঃ ০২ ৯৩৩৩৬৫১
মোবাইল ঃ ০১৭১১-০২৬০৯২
ই-মেইল ঃ
ncshahriar@yahoo.com
ahmsazad@yahoo.com
bsagrodoot@gmail.com

**সম্পাদনা পরিষদ ঃ**

**প্রধান উপদেষ্টাঃ**
ড. মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস

**সম্পাদক ঃ**
জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং)
বাংলাদেশ স্কাউটস

**নির্বাহী সম্পাদক ঃ**
জনাব এ এইচ এম শামছুল আজাদ
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)
বাংলাদেশ স্কাউটস

**প্রকাশনায় ঃ**
জনসংযোগ ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস